বাংলাদেশ বেসবল-সফটবল এসোসিয়েশন

গঠনতন্ত্র

২৩৯ মওলানা ভাষানী জাতীয় হকি স্টেডিয়াম
ঢাকা-১০০০

ধারা-১

শিরোনাম ও এলাকা :

এই গঠনতন্ত্রকে বাংলাদেশ বেসবল-সফটবল এসোসিয়েশনের গঠনতন্ত্র বলা হবে। সমগ্র বাংলাদেশ এর আওতাধীন হবে।

ধারা-২

সংজ্ঞা ও পরিধি:

১। বাংলাদেশ বেসবল-সফটবল এসোসিয়েশন জাতীয় পর্যায়ের সর্বোচ্চ সংগঠন। এই সংগঠন আন্তর্জাতিক বেসবল-সফটবল সংগঠন, এশিয়ান বেসবল ফেডারেশন, এশিয়ান বেসবল-সফটবল কনফেডারেশন, জাতীয় ক্রীড়া পরিষদ ও বাংলাদেশ অলিম্পিক এসোসিয়েশন কর্তৃক স্বীকৃত সংগঠন বুঝাবে।

২। বেসবল বলতে বেসবল-সফটবল বুঝাবে।

৩। এসোসিয়েশন বলতে বাংলাদেশ বেসবল-সফটবল এসোসিয়েশন বুঝাবে।

ধারা-৩

পতাকা ও লোগোর বিবরণ:

বাংলাদেশ বেসবল-সফটবল এসোসিয়েশনের নিজস্ব পতাকা ও লোগো থাকবে এবং তা সাধারণ পরিষদ ও নির্বাহী পরিষদ কর্তৃক অনুমোদিত হবে। সাধারণ পরিষদ গঠন না হওয়া পর্যন্ত কার্যনির্বাহী কমিটি কর্তৃক অনুমোদিত হবে।

বাংলাদেশ বেসবল-সফটবল্ এসোসিয়েশনের লোগো হবে বেসবলের মাঠ এবং বাংলাদেশের জাতীয় পতাকার সঙ্গে সমন্বয় করে। যার প্রধান রঙ লাল ও সবুজ।

ধারা-৪

সদর দপ্তর:

বাংলাদেশ বেসবল-সফটবল এসোসিয়েশনের সদর দপ্তর রাজধানী ঢাকাতে হবে। এসোসিয়েশনের কার্যপরিধি হবে সমগ্র বাংলাদেশ বিস্তৃত।

ধারা-৫

এসোসিয়েশনের কার্যপরিধি:

১। বাংলাদেশ বেসবল-সফটবল এসোসিয়েশনের নিম্নবর্ণিত কার্যাদি থাকবে:

১.১ বেস্‌বল-সফটবলের যাবতীয় কার্যাদি সমগ্র বাংলাদেশে প্রসার, উন্নয়ন, নিয়ন্ত্রণ ও সমন্বয় করা।

১.২ সংশ্লিষ্ট আঞ্চলিক/আন্তর্জাতিক ফেডারেশন থেকে স্বীকৃতি গ্রহণ।

১.৩ জেলা ও বিভাগীয় ক্রীড়া সংস্থা/ক্লাব ও অন্যান্য ক্রীড়া সংস্থাকে সংশ্লিষ্ট খেলার বিষয়ে স্বীকৃতি প্রদান।

১.৪ বেস্‌বল-সফটবলের প্রশিক্ষণের জন্য পরিকল্পনা ও কার্যক্রম তৈরি করা।

১.৫ বেস্‌বল্-সফটবলের মান আন্তর্জাতিক পর্যায়ে উন্নীত করা।

১.৬ জাতীয়, আঞ্চলিক ও আন্তর্জাতিক পর্যায়ের প্রতিযোগিতা, টুর্নামেন্ট ইত্যাদির আয়োজন।

১.৭ আন্তর্জাতিক ও আঞ্চলিক প্রতিযোগিতায় জাতীয় দলের অংশগ্রহণের ব্যবস্থা করা।

১.৮ দরিদ্র ও খ্যাতনামা খেলোয়াড়দের কল্যাণে সহায়তা করা।

১.৯ সংযুক্ত ক্রীড়া সংস্থা (বেসবল-সফটবল) সংগঠনসমূহকে মঞ্জুরী ও সুবিধাদি প্রদান করা।

১.১০ বেসবল-সফটবলের উপর বই, পত্রিকা, স্মরণীকা প্রকাশ ও গ্রন্থাগার স্থাপন করা।

১.১১ জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে বেসবল-সফটবল সেমিনার, সিম্পোজিয়াম, আলোচনা, ক্যাম্প ইত্যাদির ব্যবস্থা করা।

১.১২ বেসবল ক্লাব, সংস্থা, সংগঠন, খেলোয়াড়দের মধ্যে শৃঙ্খলার নিশ্চয়তা বিধান।

১.১৩ বিভিন্ন কমিটি ও উপ কমিটি গঠন এবং তাদের কার্যপরিধি সুনির্দিষ্ট করে দেয়া।

১.১৪ উপরে বর্ণিত উদ্দেশ্য অর্জনের সহায়ক হতে পারে এমন প্রয়োজনীয় কার্যাদি সম্পাদন, বাংলাদেশ সরকার অথবা বেসবল-সফটবলে আঞ্চলিক/আন্তর্জাতিক সংস্থার নির্দেশনাবলী পালন।

১.১৫ এসোসিয়েশনের নিজস্ব কর্মসূচির মাধ্যমে বেসবল-সফটবল প্রতিভা অন্বেষণ করে প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা।

ধারা-৬

সংযুক্ত সংগঠনসমূহ:

১। জাতীয় পর্যায়ে বেসবল প্রতিযোগিতায় অংশগ্রহণ সাপেক্ষে নিম্নবর্ণিত সংস্থাসমূহ বাংলাদেশ বেসবল-সফটবল এসোসিয়েশনের সাথে সংযুক্ত থাকবে:

১.১ বাংলাদেশ সেনাবাহিনী ক্রীড়া নিয়ন্ত্রণ বোর্ড

১.২ বাংলাদেশ বিমান বাহিনী ক্রীড়া নিয়ন্ত্রণ বোর্ড

১.৩ বাংলাদেশ নৌবাহিনী ক্রীড়া নিয়ন্ত্রণ বোর্ড

১.৪ বাংলাদেশ রাইফেলস ক্রীড়া নিয়ন্ত্রণ বোর্ড

১.৫ বাংলাদেশ পুলিশ ক্রীড়া নিয়ন্ত্রণ বোর্ড

১.৬ বাংলাদেশ আনসার ক্রীড়া নিয়ন্ত্রণ বোর্ড

১.৭ প্রতিটি শিক্ষা বোর্ড

১.৮ প্রতিটি পাবলিক বিশ্ববিদ্যালয়

১.৯ জেলা ও বিভাগীয় ক্রীড়া সংস্থা

১.১০ ঢাকা মহানগরী ও বিভিন্ন জেলার অনুমোদিত ক্লাবসমূহ

১.১১ বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বিকেএসপি)

২। শিল্প/সংস্থা/বোর্ড/কর্তৃপক্ষ/দপ্তর যারা সরাসরি জাতীয় বেসবল-সফটবল চ্যাম্পিয়নশিপে অংশগ্রহণ করে অথবা জাতীয় পর্যায়ের কোন প্রতিযোগিতায় নিয়মিত অংশগ্রহণ করে এবং দেশের বেসবল-সফটবলের প্রসার ও উন্নয়নে মূল্যবান অবদান রাখে, তাদেরকেও এসোসিয়েশনের অন্তর্ভূক্ত করা যেতে পারে।

ধারা-৭

সাধারণ পরিষদ গঠন:

১। বাংলাদেশ বেসবল-সফটবল এসোসিয়েশনের সাধারণ পরিষদ নিম্নবর্ণিত ভাবে গঠিত হবে:

১.১ প্রতি বিভাগীয় ক্রীড়া সংস্থা থেকে একজন করে প্রতিনিধি।

১.২ প্রতি জেলা ক্রীড়া সংস্থা থেকে একজন করে প্রতিনিধি।

১.৩ ধারা-৬ এ বর্ণিত সার্ভিসেস সংস্থা থেকে একজন করে প্রতিনিধি।

১.৪ খ্যাতনামা খেলোয়াড়/পৃষ্ঠপোষক/সংগঠকদের মধ্য থেকে জাতীয় ক্রীড়া পরিষদ কর্তৃক মনোনীত সর্বমোট পাঁচজন প্রতিনিধি।

১.৫ ঢাকা মেট্রোপলিটন এলাকায় ক্লাবগুলো থেকে একজন করে প্রতিনিধি।

১.৬ কার্যনির্বাহী কমিটির অনুমোদনক্রমে প্রতিটি জেলা থেকে একটি বেসবল ক্লাব জাতীয় পর্যায়ের প্রতিযোগিতায় অংশগ্রহণ সাপেক্ষে একজন করে প্রতিনিধি।

১.৭ এসোসিয়েশনের উন্নয়ন কার্যক্রমের সম্পৃক্ততা থাকলে ক্রীড়া পরিদপ্তরের একজন প্রতিনিধি।

১.৮ জাতীয় প্রতিযোগিতায় অংশগ্রহণ সাপেক্ষে বিকেএসপির একজন প্রতিনিধি।

১.৯ বাংলাদেশ মহিলা ক্রীড়া সংস্থার একজন প্রতিনিধি।

১.১০ এসোসিয়েশনের সাধারণ সম্পাদক সদস্য হবেন।

২। প্রতিনিধির বয়সঃ প্রতিনিধির বয়স কমপক্ষে ২৫ বছর হতে হবে। তবে কোন খেলোয়াড় প্রতিনিধি হওয়ার যোগ্য নন। তবে তিনি খেলা থেকে অবসর গ্রহণের অন্ততপক্ষে দুই বছর পর প্রতিনিধি হওয়ার যোগ্য হবেন।

৩। যদি কোন অনুমোদিত সংস্থা/ক্লাব চার বছরের মেয়াদকালে জাতীয় প্রতিযোগিতায় ন্যূনতম ২ বার অংশগ্রহণ না করে তবে উক্ত জেলা, বিভাগীয় ক্রীড়া সংস্থা/ক্লাব/সার্ভিসেস দল/বিকেএসপি এসোসিয়েশনের সাধারণ পরিষদে সদস্য পদ হারাবে এবং নির্বাচনে অংশগ্রহণ ও ভোটাধিকার প্রয়োগ করতে পারবে না। জেলা বা বিভাগীয় ক্রীড়া সংস্থার প্রতিনিধি স্ব স্ব জেলার স্থায়ী নাগরিক হতে হবে। এক জেলার সংগঠক অন্য কোন জেলা থেকে প্রতিনিধি হতে পারবে না।

ধারা-৮

১। **কার্যনির্বাহী পরিষদঃ**

বাংলাদেশ বেসল-সফটবল এসোসিয়েশনের কার্যনির্বাহী পরিষদ ২৫ সদস্য বিশিষ্ট হবে।

সভাপতি	০১ জন
সহ সভাপতি	০৪ জন
সাধারণ সম্পাদক	০১ জন
যুগ্ম সম্পাদক	০২ জন
কোষাধ্যক্ষ	০১ জন
সদস্য	১৬ জন

২। সহ সভাপতি, যুগ্ম সম্পাদক এবং সদস্যদের জ্যেষ্ঠতা তাদের ভোট প্রাপ্তির উপর ভিত্তি করে নির্ধারিত হবে।

৩। নির্বাচনের ১৫ (পনের) দিনের মধ্যে নবনির্বাচিত কমিটির কাছে ক্ষমতা হস্তান্তর করতে হবে। অন্যথায় ১৬ (ষোল) দিন পর হতে এই কমিটির দায়িত্বপ্রাপ্ত হয়েছে বলে গণ্য হবে।

৪। বাংলাদেশ বেসবল-সফটবল এসোসিয়েশন সভাপতি নির্বাচিত/জাতীয় ক্রীড়া পরিষদ কর্তৃক মনোনীত হবেন।

৫। কোরামঃ সাধারণ পরিষদ ও কার্যনির্বাহী কমিটির সভার কোরাম ১/৩ সদস্যের উপস্থিতিতে হবে।

৬। আন্তর্জাতিক ফেডারেশনের কাঠামো অনুযায়ী বাংলাদেশ বেসবল-সফটবল এসোসিয়েশন পরিচালিত হবে।

ধারা-৯

নির্বাহী কমিটির কর্তব্য, ক্ষমতা ও কার্যাবলীঃ

১। আগ্রহী নতুন সংস্থা/ক্লাব সমূহের সদস্যভূক্তির অনুমোদন।

২। প্রয়োজন মোতাবেক বিভিন্ন উপ কমিটি ও তাদের কাজে শর্তাবলী নির্ধারণ করা। এইা সব উপ কমিটি একজন সভাপতি সহ ন্যূনতম ৫ সদস্য দ্বারা গঠিত হবে। সভাপতি ও নির্বাহী পরিষদেও সদস্য ব্যতিত প্রয়োজনে অভিজ্ঞ সদস্য অন্তর্ভূক্ত করা যাবে।

৩। এসোসিয়েশনের তহবিল নিয়ন্ত্রণ ও পরিচালনা করা।

৪। অনুমোদিত সংস্থা কর্তৃক গৃহীত শাস্তিমূলক ব্যবস্থা অনুমোদন করা এবং আপিল সমূহ পর্যালোচনা।

৫। গঠনতন্ত্রেও অনুচ্ছেদের ব্যাখ্যা প্রদান করা ও ফেডারেশনের ধারার আওতায় পড়ে না এমন ধারার উপর সিদ্ধান্ত গ্রহণ করা।

৬। আন্তর্জাতিক ফেডারেশনের বিধি বিধানের সাথে সঙ্গতিপূর্ণ বিধি ও উপবিধি প্রণয়ন করা।

৭। কোন ব্যক্তি বা অনুমোদিত সদস্যেও বিশৃংখলা, অসদাচরণ, অহেতুক প্রতিবাদ ও নিয়মভঙ্গের জন্য উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা। এ বিষয়ে এসোসিয়েশনের শৃংখলা কমিটি বা তদন্ত কমিটির মাধ্যমে মতামত গ্রহণ করা।

৮। বাৎসরিক সাধারণ সভা অনুষ্ঠানের ব্যবস্থা করা।

৯। বিদেশে পাঠানোর জন্য দল গঠন করা এবং বিদেশী দলকে আমন্ত্রণ করা।

১০। এসোসিয়েশনের অফিসের জন্য পদ সৃষ্টি এবং তদস্থলে দক্ষ লোক নিয়োগ করা।

১১। সাধারণ সম্পাদক কর্তৃক উপস্থাপিত বাৎসরিক রিপোর্ট বিবেচনা ও অনুমোদন করা।

১২। উপ কমিটি সমূহের পেশকৃত বিবরণ পর্যালোচনা করা ও ব্যবস্থা গ্রহণ করা।

১৩। এসোসিয়েশনের উদ্দেশ্য ও কার্যাবলীর পরিপূরক অনুরূপ আইন প্রণয়ন করা।

১৪। অডিটর নিয়োগ করা।

ধারা-১০

নির্বাহী কমিটির কর্মকর্তাদেও দায়িত্ব কার্যাবলী:

১। সভাপতি:

১.১ এসোসিয়েশনের সভাসমূহে সভাপতিত্ব করবেন। সভাপতির অনুপস্থিতিতে উপস্থিত জ্যেষ্ঠ সহ সভাপতি সভাপতির দায়িত্ব পালন করবেন এবং সহ সভাপতির অনুপস্থিতিতে উপস্থিত সদস্যের মধ্যে থেকে জ্যেষ্ঠ একজন সভাপতির দায়িত্ব পালন করবেন।

১.২ কোন সিদ্ধান্তের ক্ষেত্রে পক্ষে-বিপক্ষে সমান সংখ্যক ভোট পড়লে তিনি কাষ্টিং ভোট প্রদান করতে পারবেন।

১.৩ সাধারণ সম্পাদকের সাথে পরামর্শ অনুযায়ী সভাপতি জরুরী বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করতে পারবেন এবং অনুরূপ কোন সিদ্ধান্ত গৃহীত হলে তা নির্বাহী পরিষদের পরবর্তী সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করবেন।

২। সহ সভাপতি:

তিনি সভাপতির অনুপস্থিতিতে পরবর্তী জ্যেষ্ঠ সহ সভাপতি হিসাবে দায়িত্ব পালন করবেন এবং সভাপতি ও নির্বাহী কমিটি কর্তৃক প্রদত্ত কাজ সমাধা করবেন।

৩। সাধারণ সম্পাদক

তিনি এসোসিয়েশনের নির্বাহী কমিটির মুখপাত্র ও এসোসিয়েশনের নির্বাহী হিসাবে নিম্নলিখিত দায়িত্ব পালন করবেন:

১.১ তিনি বাৎসরিক সাধারণ সভা এবং নির্বাহী পরিষদের সভা সমূহের বিজ্ঞপ্তি প্রদান করবেন।

১.২ তিনি এসোসিয়েশনের সকল প্রকার যোগাযোগ রক্ষা করবেন এবং এসোসিয়েশনের সকল প্রকার সম্পদ রক্ষার জন্য প্রয়োজনীয় দলিল দস্তাবেজ সংরক্ষণ করবেন।

১.৩ তিনি যুক্ত ভাবে সভাপতি অথবা কোষাধ্যক্ষের সাথে বিলসমূহ অনুমোদন করবেন এবং চেক সই করবেন।

১.৪ তিনি সাধারণ পরিষদ ও নির্বাহী কমিটি কর্তৃক প্রদত্ত সকর প্রকার দায়িত্ব পালন করবেন।

১.৫ তিনি সরকারি অনুদান ছাড়াও প্রতিযোগিতা সুষ্ঠ সম্পাদনের জন্য পৃষ্ঠপোষক সংগ্রহ ও অর্থ যোগানদানের ক্ষেত্রে সচেষ্ট থাকবেন।

১.৬ তিনি স্থানীয়, জাতীয় ও আন্তর্জাতিক সকল বিষয়ে যোগাযোগ রক্ষা করবেন এবং প্রধান নির্বাহী কর্মকর্তা হিসাবে এসোসিয়েশন পরিচালনা করবেন।

১.৭ তিনি উপস্থিত খরচ ও জরুরি খরচ বাবদ তার কাছে নির্বাহী কমিটি কর্তৃক অনুমোদিত অর্থ রাখতে পারবেন।

১.৮ তিনি কার্যাদেশ ও পেমেন্টের আদেশ প্রদান করবেন।

১.৯ তিনি সকল স্থায়ী ও উপ কমিটিতে পদাধিকার বলে সদস্য থাকবেন।

১.১০ তিনি বার্ষিক রিপোর্ট ও কর্মসূচি তৈরি করবেন এবং তা সাধারণ পরিষদ ও নির্বাহী কমিটির সভায় পেশ করবেন।

১.১১ তিনি বিভিন্ন উপ কমিটির কার্যক্রমের সমন্বয় করবেন এবং সময়ে সময়ে প্রয়োজনীয় নির্দেশনাবলী জারী করবেন।

৩। যুগ্ম সম্পাদক :

যুগ্ম সম্পাদক সাধারণ সম্পাদকের অনুপস্থিতিতে তার দায়িত্ব পালন করবেন। তারা সাধারণ সম্পাদককে তার সকল প্রকার কাজে সহায়তা করবেন এবং সাধারণ পরিষদ ও নির্বাহী কমিটি কর্তৃক প্রদত্ত কাজ সমাধা করবেন।

৪। কোষাধ্যক্ষ:

১.১ এসোসিয়েশনের সকল প্রকার তহবিল সংগ্রহের দায়িত্ব থাকবেন এবং তা গ্রহণের এক সপ্তাহের মধ্যে নির্দিষ্ট ব্যাংক একাউন্টে জমা করবেন।

১.২ এসোসিয়েশনের সম্পদ ও হিসাবরক্ষণের জন্য তিনি উপযুক্ত খাতা রক্ষণাবেক্ষণ করবেন।

১.৩ তিনি এসোসিয়েশনের আয়-ব্যয়ের বাৎসরিক বাজেট প্রণয়ন এবং বাৎসরিক সাধারণ সভায় পেশ করবেন (অবশ্যই বাজেট বাৎসরিক সভায় পেশ করার পূর্বে তা নির্বাহী পরিষদের অনুমোদন নেবেন)।

১.৪ অনুল্লেখিত খরচ মিটানোর জন্য তিনি সভাপতি/সাধারণ সম্পাদক/নির্বাহী পরিষদ কর্তৃক ধার্যকৃত অর্থ সংযোজন করতে পারবেন।

১.৫ তিনি বৎসারান্তে এসোসিয়েশনের অডিটকৃত হিসাবের বিবরণ নির্বাহী কমিটির অনুমোদন গ্রহণপূর্বক বাৎসরিক সাধারণ সভায় উপস্থাপন করবেন।

১.৬ যদি কোষাধ্যক্ষ কোন কারণে দীর্ঘদিন অনুপস্থিত থাকেন সেই ক্ষেত্রে সভাপতি, সাধারণ সম্পাদকের পরামর্শ অনুসারে নির্বাহী কমিটির একজন সদস্যকে সাময়িক ভাবে কোষাধ্যক্ষের দায়িত্ব পালনে নিয়োজিত করবেন।

ধারা-১১

পদাধিকারী নির্বাচন/মনোনয়নের যোগ্যতা:

১। এসোসিয়েশনের সহ-সভাপতি এমন ব্যক্তিগণ হবেন যারা হয় খ্যাতনামা খেলোয়াড়/ক্রীড়াবিদ/পৃষ্ঠপোষক অথবা সাংগঠনিক অভিজ্ঞতার অধিকারী ছিলেন। তাদেরকে ভালো সামাজিক ও শিক্ষাগত যোগ্যতারও অধিকারী হতে হবে।

২। এসোসিয়েশনের কার্যনির্বাহী পরিষদ গঠনতন্ত্রের বিধি ও উপবিধিমালা অনুযায়ী সাধারণ পরিষদ কর্তৃক নির্বাচিত হবে।

৩। কার্যনির্বাহী পরিষদের সহ সভাপতি, সাধারণ সম্পাদক, যুগ্ম সম্পাদকের পদ মৃত্যু, পদত্যাগ, অপসারণ দ্বারা শূন্য হলে এসোসিয়েশনের সভাপতি কার্যনির্বাহী পরিষদেও সংখ্যাগরিষ্ঠ সদস্যদের মতামত নিয়ে পদ শূন্য হওয়ার ৩০ দিনের মধ্যে উক্ত পদ পূরণ করবেন। তবে এ ব্যাপাওে পূর্বোক্ত ধারায় বর্ণিত যোগ্যতার প্রতিপালন করতে হবে।

ধারা-১২

তহবিল:

বাংলাদেশ বেসবল-সফটবল এসোসিয়েশনের সকল তহবিল ঢাকাস্থ যে কোনো তফসিলি ব্যাংকে রাখতে হবে। সাধারণ সম্পাদক ও কোষাধ্যক্ষ যুগ্ম ভাবে তা পরিচালনা করবেন। যে কোনো একজনের অনুপস্থিতিতে সভাপতি স্বাক্ষর করবেন।

ধারা-১৩

পরিদর্শন ও হিসাব নিরীক্ষা:

১। এসোসিয়েশনের বার্ষিক ও বিশেষ হিসাব নিরীক্ষা নিম্নবর্ণিত উপায়ে সম্পাদিত হবে:

১.১ প্রত্যেক অর্থ বছর শেষ হওয়ার [illegible] নিজস্ব বার্ষিক হিসাব নিরীক্ষার ব্যবস্থা করবে এবং প্রয়োজনে নিরীক্ষা প্রতিবেদন এনএসসি/উর্দ্ধতন সংগঠনে প্রেরণ করবে।

১.২ এসোসিয়েশনের সভাপতি অথবা সভাপতি কর্তৃক কর্তৃত্বপ্রাপ্ত সদস্য মর্যাদার সম্পন্ন যে কোনো পদাধিকারী বিভাগীয়/জেলা/উপজেলা পর্যায়ে বেসবল-সফটবল বিষয়াদি পরিদর্শন করতে পারবেন। পরিদর্শনাধীন সংস্থার পদাধিকারীগণ এই পরিদর্শনে সকল প্রকার সহায়তা দিতে বাধ্য থাকবেন।

ধারা-১৪

অর্থ বছর:

অর্থ বছর হিসাবে ১ জুলাই থেকে পরবর্তী বছরের ৩০ জুন পর্যন্ত সময়কে ধরা হবে।

ধারা-১৫

কার্যনির্বাহী কমিটির মেয়াদ:

বাংলাদেশ বেসবল-সফটবল এসোসিয়েশনের কার্যনির্বাহী কমিটি চার বছর মেয়াদের হবে।

ধারা-১৬

তত্বাবধায়ক কমিটি:

বাংলাদেশ বেসবল-সফটবল এসোসিয়েশনের কার্যনির্বাহী কমিটির মেয়াদকাল শেষ হওয়ার পর প্রয়োজনে তত্বাবধায়ক কমিটি গঠন করা যেতে পারে। প্রয়োজনবোধে এসোসিয়েশনের নির্বাচন অনুষ্ঠানের অনধিক ৬০ (ষাট) দিন পূর্বে বিদ্যমান কার্যনির্বাহী কমিটি অবলুপ্ত করে অনধিক ৭ (সাত) সদস্য বিশিষ্ট একটি তত্বাবধায়ক কার্যনির্বাহী কমিটি গঠন করবে। এ কমিটির কোন সদস্যই নির্বাচনে অংশগ্রহণ করতে পারবেন না।

ধারা-১৭

নির্বাচন:

নির্বাচন সিডিউল ঘোষিত হওয়ার অনধিক ৬০ দিনের মধ্যে নির্বাচন সম্পন্ন করতে হবে।

ধারা-১৮

খেলোয়াড় কল্যাণ তহবিল:

বাংলাদেশ বেসবল-সফটবল এসোসিয়েশনের চ্যারিটি/প্রদর্শনী খেলার আয়োজন কওে আইনানুগ পন্থায় কল্যাণ তহবিল তৈরি করতে পারবে।

ধারা-১৯

খেলোয়াড় নিবন্ধিকরণ:

অংশগ্রহণকারী খেলোয়াড়দের বাংলাদেশ বেসবল-সফটবল এসোসিয়েশন কর্তৃক তৈরি বিধি/উপ বিধি অনুযায়ী নিবন্ধিকৃত হতে হবে।

ধারা-২০

বিধি ও উপবিধি:

এই গঠনতন্ত্রেও সংস্থান সমূহের যথাযথ ও কার্যকর প্রয়োগের জন্য বাংলাদেশ বেসল-সফটবল এসোসিয়েশনের বিধি/উপবিধি তৈরি করতে পারবে।

ধারা-২১

সংশোধন ও নির্দেশ:

১। বাংলাদেশ বেসবল-সফটবল এসোসিয়েশনের সাধারণ পরিষদ এই গঠনতন্ত্রের যে কোনো ধারা বা উপধারা সংশোধন/বাতিলের কর্তৃত্ব থাকবে।

২। অত্র ফেডারেশন এই গঠনতন্ত্রেও পরিপন্থী কোনো বিধি বা উপবিধি তৈরী করতে পারবে না।

৩। এসোসিয়েশনের সকল নিবন্ধিকৃত সংস্থা/খেলোয়াড়/কর্মকর্তা বা সংশ্লিষ্ট ব্যক্তি কোনো বিতর্কিত বিষয়ে আদালতের স্মরণাপন্ন না হয়ে উভয় পক্ষেও সম্মতিক্রমে সমঝোতার বা গ্রহণযোগ্য মধ্যস্থতাকারীর মাধ্যমে মীমাংসা করবে এবং জাতীয় ক্রীড়া পরিষদ অথবা ক্রীড়া মন্ত্রণালয়কে মধ্যস্থতাকারী নির্বাচন করা যেতে পারে।

ধারা-২২

গঠনতন্ত্রের সংশোধন

গঠনতন্ত্রেও পরিবর্তন, পরিবর্ধন ও সংশোধনের প্রযোজ্য হলে এসোসিয়েশনের সাধারণ পরিষদেও সভায় উত্থাপন করবেন। সাধারণ পরিষদেও সভায় এই প্রসঙ্গে আলোচ্যসূচী থাকবে। সাধারণ পরিষদের অনুমোদনের পর জাতীয় ক্রীড়া পরিষদে প্রেরণ করা হবে। জাতীয় ক্রীড়া পরিষদ কর্তৃক সংশোধন গৃহীত হলে তা কার্যকর বলে গণ্য হবে।

ঃ সমাপ্ত ঃ

বাংলাদেশ বেসবল-সফটবল এসোসিয়েশন

কার্যনির্বাহী কমিটি ২০২২-২০২৬

নং	নাম	পরিচিতি	পদবী		
১.	আলহাজ্ব মো. সোলায়মান	জাতীয় পুরস্কারপ্রাপ্ত সাবেক ক্রীড়াবিদ ও বীর মুক্তিযোদ্ধা কমান্ডার/পৃষ্ঠপোষক	সভাপতি/প্রতিষ্ঠাতা		
২.	প্রতিনিধি, বাংলাদেশ পুলিশ	ডিসি/এআইজি	সহ সভাপতি		
৩.	প্রতিনিধি, বাংলাদেশ আনসার ও ভিডিপি	পরিচালক/সহকারি পরিচালক	সহ সভাপতি		
৪.	শামীম আহমেদ	ক্রীড়ানুরাগী/পৃষ্ঠপোষক যশলদিয়া ক্রীড়া ও জনকল্যাণ সংস্থা	সহ সভাপতি		
৫.	জনাব তৈয়ব হোসেন মামুন		সহ সভাপতি		
৬.	জনাব আমিনুল ইসলাম লিটন	সভাপতি, সিরাজগঞ্জ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান এসকেএসপি	সাধারণ সম্পাদক/প্রতিষ্ঠাতা		
৭.	জনাব জাকির হোসেন আরিফ		যুগ্ম সম্পাদক		
৮.	জনাব আজম আলী খান	সাবেক ক্রীড়াবিদ	যুগ্ম সম্পাদক		
৯.	জনাব মাজেদ জাহাঙ্গীর সোহেল	ক্রীড়ানুরাগী/পৃষ্ঠপোষক প্রতিনিধি, সোলায়মান এসসি	কোষাধ্যক্ষ		
১০.	জনাব তারিকউজ্জামান	সাবেক ক্রীড়াবিদ/সহকারি পরিচালক, ক্রীড়া পরিদপ্তর	সদস্য		
১১.	জনাব মো. মিজানুর রহমান	তৃণমূল ক্রীড়া সংগঠক	সদস্য		
১২.	জনাব আব্বাস আলী	সভাপতি, কমিউনিটি স্পোর্টস ক্লাব, সাভার	সদস্য		

১৩.	মিসেস সাজিয়া আফরিন	জাতীয় ক্রীড়া পরিষদ	সদস্য		
১৪.	জনাব কামরুল আহসান	সাবেক কর্মকর্তা, জাতীয় ক্রীড়া পরিষদ	সদস্য		
১৫.	জনাব হামিদুল ইসলাম সরকার	সাধারণ সম্পাদক, মিরপুর বেসবল ক্লাব	সদস্য		
১৬.	জনাব সাব্বির হোসেন	সিনিয়র ক্রীড়া সাংবাদিক	সদস্য		
১৭.	মিসেস উম্মে সালমা খান চৌধুরী	প্রতিনিধি, সরকার পাড়া স্পোর্টিং ক্লাব	সদস্য		
১৮.	মো. বাদশা শেখ	রানার্স ক্লাব, ঢাকা	সদস্য		
১৯.	প্রতিনিধি	মোকাদ্দেস আলী স্পোর্টস একাডেমি	সদস্য		

Aminul Islam Liton
General Secretary
Bangladesh Baseball-Softball Association

Salauman
Alhaj Md. Salauman
President
Bangladesh Baseball-Softball Association